

## ভর্তি

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা: শিক্ষার্থীদের জন্য নতুন বিশেষ বিজ্ঞপ্তি

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১২ মার্চ ২০২৫, ১৩: ৪৯



দীপু মালাকার

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ সেশনের সব ইউনিটে (A, B ও C) আবেদনকারীদের প্রথম পছন্দক্রম অনুযায়ী, আঞ্চলিক কেন্দ্রে তাঁদের ভর্তি পরীক্ষার আসন বরাদ্দ দেওয়া হবে। A ও C ইউনিটের ভর্তি পরীক্ষা পূর্বনির্ধারিত তারিখগুলোয় অনুষ্ঠিত হবে। তবে পূর্বনির্ধারিত এক শিফটের পরিবর্তে এখন তা দুই শিফটে অনুষ্ঠিত হবে। প্রথম শিফটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে বেলা ১১টা থেকে দুপুর ১২টা এবং দ্বিতীয় শিফটে বেলা ২:৩০টা

থেকে ৩:৩০টা পর্যন্ত পরীক্ষা চলবে। B ইউনিটের পরীক্ষা পূর্বের তারিখ ও সময় ঠিক রেখে একটিমাত্র শিফটেই অনুষ্ঠিত হবে।

আজ বুধবার (১২ মার্চ) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা-সংক্রান্ত ওয়েবসাইটে এক বিশেষ বিজ্ঞপ্তিতে এসব কথা বলা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সব ইউনিটের (A, B ও C) ভর্তি পরীক্ষার্থীদের ১৩ মার্চ বিকেল ৪টার পর নতুন রোল ও কেন্দ্রসহ নতুন প্রবেশপত্র ইস্যু করা হবে। ফলে তাঁদের আগের সব ইউনিটের ইস্যুকৃত প্রাথমিক প্রবেশপত্রগুলো বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য, ভবন ও কক্ষের তথ্যসহ বিজ্ঞারিত ঠিকানা উল্লেখপূর্বক চূড়ান্ত প্রবেশপত্র সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষার তিন দিন আগে ডাউনলোড করা যাবে। এখানে আরও উল্লেখ করা প্রয়োজন, পরীক্ষার্থীকে নির্দিষ্ট কেন্দ্রের নির্ধারিত কক্ষে পরীক্ষা দিতে হবে এবং পদ্ধতিগত কারণে এক কেন্দ্রের জন্য নির্ধারিত প্রার্থীর পরীক্ষা অন্য কেন্দ্র বা কক্ষে গ্রহণ করা সম্ভব নয়। বিধায় পরীক্ষার্থীর জন্য চূড়ান্ত প্রবেশপত্র ডাউনলোড করে কেন্দ্র ও কক্ষ জেনে নেওয়া আবশ্যিক।

